



সংসদে গেলে ইউনুসের বিরুদ্ধে ৬৬৬ কোটি টাকার অভিযোগ তোলা হবে: তারেক



আমজনতা দলের মহাসচিব তারেক। ছবি: সংগৃহীত

আমজনতা দলের মো. তারেক রহমান বলেছেন, সংসদে নির্বাচিত হলে ড. ইউনুসের বিরুদ্ধে ৬৬৬ কোটি টাকা আত্মসাতের অভিযোগ বিচার প্রক্রিয়ায় তোলা হবে।

তিনি জোর দিয়ে বলেন, এই বিষয়ে কোনো ছাড় নেই।

তারেক আরও জানান, তিনি সংসদে উপস্থিত থাকুক বা না থাকুক, ড. ইউনুসকে আইনের আওতায় আনা হবে।

নির্বাচনী প্রচারণার সময় সামাজিক মাধ্যমে প্রকাশিত এক ভিডিওতে আমজনতার দলের সদস্যসচিব ও ঢাকা-১২ আসনের মনোনীত প্রার্থী হিসেবে তিনি এসব মন্তব্য করেন।

LENS ASIA